



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, এ ডব্লিউ চৌধুরী রোড, দারুস সালাম, ঢাকা-১২১৬।



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২১২.২৩. ৬৮২

২০ কার্তিক, ১৪৩০
০৫ নভেম্বর, ২০২৩

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

“বেতার এবং টেলিভিশন সংবাদ রিপোর্টিং ও উপস্থাপনা প্রশিক্ষণ পাঠ্যধারা”

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২৬ নভেম্বর থেকে ০৪ জানুয়ারি ২০২৪ পর্যন্ত ৬ (ছয়) সপ্তাহব্যাপী “বেতার এবং টেলিভিশন সংবাদ রিপোর্টিং ও উপস্থাপনা প্রশিক্ষণ পাঠ্যধারা” পরিচালনা করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় বেতার এবং টেলিভিশন সংবাদ রিপোর্টিং সম্পর্কিত প্রয়োজনীয় বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে।


প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাস হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ৳ ২০০/- (টাকা দুইশত) মাত্র নির্ধারিত ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ০৫ নভেম্বর ২০২৩ থেকে প্রতিদিন অফিস চলাকালীন আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক পাসের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে। ইনস্টিটিউটের www.nimc.gov.bd-তে সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন ফি জমা দিয়ে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২১ নভেম্বর ২০২৩ সোমবার। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা ২২ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এজন্য পৃথক কোনো পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ২২ নভেম্বর ২০২৩ তারিখ ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৬,০০০/= (ছয় হাজার) টাকা মাত্র ২৩ নভেম্বর ২০২৩ তারিখে “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট”-এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৫/১১/২০২৩

সুমনা পারভীন
উপপরিচালক (টেলি. অনু.)

ও
পাঠ্যধারা পরিচালক
ফোন: ০২৭৭৩১০৬৯৭৫